
2018



# একটি ব্যবসা শুরু করা

## CAMBRIDGE, MAতে


CAMBRIDGE এর কমিউনিটি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

COMMUNITY DEVELOPMENT DEPARTMENT

কীভাবে ব্যবহার করবেন এই

# নির্দেশিকা

এই ডকুমেন্টটি Cambridge শহরে একটি ব্যবসা শুরু করতে যেই ধাপগুলি রয়েছে সেগুলি ব্যাখ্যা করে। শহর পর্যায়ে প্রক্রিয়া এবং নিয়ম সংক্রান্ত প্রয়োজনীয়তা এর একটি সাধারণ বর্ণনা এখানে দেওয়া আছে। অনুগ্রহ করে এই ব্রোশারটি পড়ুন যাতে একটি নতুন ব্যবসা খোলার জন্য বিভিন্ন স্থানীয় নিয়ম সংক্রান্ত প্রয়োজনীয়তা আরো ভালো করে বুঝতে পারেন।

পৃষ্ঠা
4 এবং 5

## আপনার ব্যবসা প্রতিষ্ঠা করা

Cambridge এ কর্মকান্ড চালাতে গেলে যেই সব লাইসেন্স এবং পারমিটের প্রয়োজন আপনার ব্যবসার হতে পারে।

পৃষ্ঠা
6 এবং 7

## একটি অবস্থান খুঁজে বের করা

আপনার ব্যবসার সাথে মানানসই একটি অবস্থান খুঁজে বের করা এবং বাছাই করার রিসোর্স।

পৃষ্ঠা
8 এবং 9

## আপনার ব্যবসা শুরু করা

আপনার ব্যবসার অবস্থানের উপর যেইসব লাইসেন্স, পারমিট এবং নিয়ম প্রযোজ্য।

পৃষ্ঠা
10 এবং 11

## চালিয়ে যেতে পারা

শহর এর ফান্ড করা অনুদান প্রকল্প যা আপনার ব্যবসা এবং প্রযোজ্য পারমিট এবং লাইসেন্স নবায়ন এর জন্য সহায়তা করে।

*দ্রষ্টব্যঃ এই নির্দেশিকা সম্পূর্ণ হিসাবে বানানো হয়নি। রাষ্ট্র এবং স্থানীয় ক্ষেত্রে আরো অন্যান্য পারমিট এবং নিয়ম থাকতে পারে, যা আপনার ব্যবসার খাতের উপর নির্ভরশীল। স্বতন্ত্র ব্যবসাগুলিতে তাদের উপর প্রযোজ্য বিশেষ নিয়ম সংক্রান্ত প্রয়োজনীয়তা নির্ণয় করতে হবে। আপনার ব্যবসার অন্য পরিস্থিতির ব্যাপারে প্রশ্নের জন্য অনুগ্রহ করে নির্দেশিকায় তালিকাভুক্ত করা অনুমোদনকারী ডিপার্টমেন্ট বা এজেন্সির সাথে যোগাযোগ করুন।*

**City Manager's Office**
Cambridge
City Hall 795
Massachusetts
Avenue
Cambridge, MA 02139
ফোন: (617) 349-4300
ইমেইল: citymanager@cambridgema.gov

## Cambridge City Manager লুইস এ দেপ্যাসকেল এর পক্ষ থেকে একটি চিঠি

বহু প্রজন্ম ধরে, Cambridge কে আজকের অনন্য, প্রানবন্ত, এবং সম্প্রদায়-কেন্দ্রিক শহর  হিসেবে গড়ে তোলার জন্য ক্ষুদ্র ব্যবসাসমূহ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। শহরটির অগ্রাধিকারগুলির একটি হল ক্ষুদ্র ব্যবসা সমর্থনের মধ্য দিয়ে আমাদের স্থানীয় অর্থনীতিকে সমর্থন এবং উন্নত করা। শহরের Community Development Department এর Economic Division এর কর্মীরা বছর জুড়ে ক্ষুদ্র ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাতে করে তাদের অনুদান প্রকল্প, টেকনিক্যাল সহায়তা, এবং শিক্ষাগত প্রশিক্ষণ এর সাথে যুক্ত করতে পারে।

এই নির্দেশিকার মাধ্যমে, আমরা অত্যন্ত আনন্দিত যে আমরা বর্তমানে Cambridge এ ব্যবসায় মালিক এবং যেসব ব্যবসায় মালিক Cambridge কে বাড়ি বানাতে ইচ্ছুক তাদের জন্য আরেকটি রিসোর্স নিয়ে আসছি। পরবর্তী পৃষ্ঠাগুলোতে, আপনি শিখতে পারবেন প্রয়োজনীয় ধাপসমূহ, পারমিট, এবং লাইসেন্সিং নিয়ে যা Cambridge এ একটি ব্যবসা খুলতে দরকার হয়, এর সাথে থাকছে প্রতি ধাপে আপনাকে শহরের কোন ডিপার্টমেন্ট আপনাকে সাহায্য করতে পারবে তা। এছাড়াও নির্দেশিকায় থাকছে আপনার ব্যবসার জন্য সেরা অবস্থানটি খুঁজে বের করার রিসোর্স এবং কীভাবে আমাদের বহুমাত্রিক বাণিজ্যিক জেলাগুলি নিয়ে আরো জানতে পারবেন তা। সবশেষে, আগামী বছরগুলিতে Cambridge এ আপনার ব্যবসাকে সমর্থন এবং উন্নত করার জন্য যে প্রক্রিয়া এবং প্রকল্প রয়েছে তার বিস্তারিত এখানে রয়েছে।

আমরা আশা করবো ব্যবসার মালিক হওয়ার প্রক্রিয়ার মধ্য দিয়ে যাওয়ার সময় এটি আপনার জন্য একটি সহায়ক রিসোর্স হিসাবে কাজ করবে, এবং Cambridgeকে বিবেচনা করার জন্য আমরা আপনাকে ধন্যবাদ জানাই।

বিনীত,

Louis A. DePasquale

লুইস এ দেপ্যাসকেল
Cambridge City Manager

আপনার ব্যবসা

# স্থাপন করা

আপনার ব্যবসা শুরু করার সময় কিছু গুরুত্বপূর্ণ ব্যাপার আছে যা আপনাকে বিবেচনা করতে হবে। আপনার উচিত বাছাইকৃত ব্যবসার খাত নিয়ে গবেষণা করা, একটি পরিপূর্ণ বিজনেস প্ল্যান তৈরি করা, প্রয়োজনীয় মূলধন একত্র করা, এবং কর্মী এবং যন্ত্রের প্রয়োজন বিবেচনা করা। ব্যবসায় মালিকদের উচিত একজন অ্যাকাউন্টেন্ট, ব্যাংকার, উকিল, এবং ইন্স্যুরেন্স এজেন্ট এর সাথে আর্থিক, আইনী, এবং অন্যান্য পেশাদারি উপদেশের জন্য কনসাল্ট করা। পাশাপাশি, ব্যবসার ব্যবহার প্রতিফলনের জন্য আপনার ব্যক্তিগত ইন্স্যুরেন্স পলিসি পরিবর্তন করার প্রয়োজন হতে পারে।

নিচে কিছু সহায়ক ধাপ এবং City of Cambridge রিসোর্স দেওয়া হল। স্টার্টআপ এবং নতুন ব্যবসাসমূহকে এই ধাপগুলির মধ্য দিয়ে যাওয়ার জন্য The Community Development Department (CDD) এর সাহায্য পাওয়া যাবে।



**1** একটি **বিজনেস কনসেপ্ট এবং প্ল্যান** বিকাশ করুন

একটি পরিপূর্ণভাবে বর্ণিত বিজনেস কনসেপ্ট এবং বিস্তারিত বিজনেস প্ল্যান হল সাফল্যের প্রথম ধাপ। The City নিচের রিসোর্সগুলির মাধ্যমে এগুলি বিকাশ করতে সাহায্য করে:

**১০- সপ্তাহের ব্যবসা পরিকল্পনা কোর্সঃ**
www.cambridgema.gov/SmallBizCourse

**ক্যামব্রিজ ক্ষুদ্র ব্যবসা তথ্য ড্যাশবোর্ড:**
**ব্যবসার ইন্ডাস্ট্রি ট্রেন্ড সম্পর্কে জানুন**

www. cambridgema.gov/SmallBizDashboard

**Economic Development Staff এর সাথে একটি কনসালটেন্সির সময় নিন**
(617) 349-4637

**2** একটি **বিজনেস সার্টিফিকেট** নিন

Cambridge এ আপনার ব্যবসা স্থাপন করতে হইল আপনাকে City Clerk এর অফিস থেকে একটি বিজনেস সার্টিফিকেট নিতে হবে।

**আবেদন করুন এখানে:**
www.cambridgema.gov/iwantto/applyforabusinesscertificate

**3** দেখুন আপনার কোন **পারমিট** বা **লাইসেন্স** দরকার কিনা

Cambridge এ বিশেষ ধরণের ব্যবসা পরিচালনা করার জন্য একটি পারমিট বা লাইসেন্স দরকার হয়ে থাকে, সেটি শহরের যেই প্রান্তেই অবস্থিত হোক না কেন। নিচের টেবিলটি অনেক সাধারণ পারমিট এবং লাইসেন্স প্রদর্শন করছে সংশ্লিষ্ট City ডিপার্টমেন্ট সহ।

**টেবিলটি ব্যবহার করে আপনার ব্যবসার প্রয়োজন নির্ণয় করুন**
এটিতে ব্যবসার জন্য প্রায়শই দরকার হয় এমন পারমিট/লাইসেন্স তালিকাবদ্ধ করা আছে, কিন্তু এটি সম্পূর্ণ তালিকা নয়। অনুমোদনকারী ডিপার্টমেন্টের সাথে সরাসরি যোগাযোগ করে আপনার প্রয়োজন নিশ্চিত করুন।

# পারমিট এবং লাইসেন্সিং: ব্যবসার ধরন

| আমার ব্যবসা... | যেই পারমিট/লাইসেন্স লাগবে | আরও তথ্য পেতে যোগাযোগ করুন |
|---|---|---|
| City of Cambridge এ কর্মকান্ড চালাবে | **বিজনেস সার্টিফিকেট** | **সিটি ক্লার্কের অফিস/ City Clerk's Office**<br>795 Massachusetts Avenue, Cambridge City Hall<br>ফোন: (617) 349-4269 \| TTY: (617) 349-4242<br>www.cambridgema.gov/cityclerk |
| প্যাট্রনদের (যেমন, রেস্তোরা, দ্রুত সার্ভ করা খাবারের দোকান, বেকারি, প্যাকেজ স্টোর এবং হোটেল) জন্য খাবার নিয়ন্ত্রণ করবে, পরিবেশ করবে বা বিক্রি করবে। | **ফুড হ্যান্ডলার্স পারমিট / ফুড এস্টাব্লিশমেন্ট পারমিট (Food Handlers Permit / Food Establishment Permit)** | **Inspectional Services Department (ISD)**<br>831 Massachusetts Avenue<br>ফোন: (617) 349-6100 \| TTY: (617) 349-6112<br>www.cambridgema.gov/inspection |
| একটি মোবাইল খাবারের ট্রাক চালাবে | **মোবাইল ফুড ট্রাক পারমিট (Mobile Food Truck Permit)** | |
| জনগণের কাছে তামাকজাত পণ্য বিক্রি কবে (কাউন্টারে বিক্রি এবং ভেন্ডিং মেশিনে বিক্রিও প্রযোজ্য) | **টোবাকো সেলস পারমিট (Tobacco Sales Permit)** | |
| ট্যাক্সি ক্যাবের মালিক হবে এবং /অথবা চালাবে | **হ্যাকনি লাইসেন্স (Hackney License)** | **License Commission**<br>831 Massachusetts Avenue<br>ফোন: (617) 349-6140 \| TTY: (617) 349-6112<br>www.cambridgema.gov/License |
| একটি মোবাইল ইউনিট থেকে বা সরাসরি জনগণের কাছে পণ্য বা দ্রব্য বিক্রি করবে (মোবাইল খাবারের ট্রাক এর জন্য প্রযোজ্য) | **হকার / পেডলার লাইসেন্স (বার্ষিক) (Hawker / Peddler License (Annual))**<br>**পেডলার / ভেন্ডর লাইসেন্স (এক-দিন) (Peddler / Vendor License (One-Day))** | |
| প্রাঙ্গনে অ্যালকোহল / লিকার পরিবেশন করবে | **অ্যালকোহলিক বেভারেজ লাইসেন্স (Alcoholic Beverage License)** | |
| প্রাঙ্গনে খাবার এবং নন-অ্যালকোহলীয় পানীয় বিক্রি এবং পরিবেশন করবে | **কমন ভিকটুলার লাইসেন্স (Common Victualer License)** | |
| অ্যালকোহলীয় পানীয় বিক্রি করবে কিন্তু প্রাঙ্গনে পান করার জন্য নয় | **প্যাকেজ গুডস স্টোর লাইসেন্স (Package Goods Store License)** | |
| ব্যবসায়িক স্থাপনাতে অটোমেটিক অ্যামিউজমেন্ট মেশিন, অটোমেটিক মিউজিক মেশিন, নাচ, কমেডি, লাইভ মিউজিক, এবং অন্যান্য পারফরমেন্স প্রদান করা | **এন্টারটেইনমেন্ট লাইসেন্স (Entertainment License)** | |
| অ্যান্টিক বা সেকেন্ড হ্যান্ড জিনিস বিক্রি করা | **অ্যান্টিক / সেকেন্ড হ্যান্ড গুডস স্টোর লাইসেন্স (Antique / Second Hand Goods Store License)** | |
| একটি সরাই/হোটেল চালানো | **ইন হোল্ডার লাইসেন্স (Inn Holder License)** | |
| দাহ্য পদার্থ রাখা, জমানো, প্রস্তুত করা, বা বিক্রি করা, যেমন গ্যাস স্টেশন এবং বায়োটেক গবেষণা ল্যাবরেটরী (মোবাইল খাবারের ট্রাকের জন্য প্রযোজ্য) | **পারমিট ফর ফ্ল্যামেবল সলিডস, লিকুইডস, এন্ড গ্যাসেস (Permit for Flammable Solids, Liquids, and Gases)** | **Fire Department**<br>491 Broadway<br>ফোন: (617) 349-4918 \| TTY: (617) 499-9924/9932<br>www.cambridgema.gov/cfd |

একটি অবস্থান

# খুঁজে বের করা

যেসব ব্যবসা কেনা বা ভাড়ার উদ্দেশ্যে জায়গা খুঁজছে তারা CDD এর ওয়েবসাইটে website (www.cambridgema.gov/ CDD) দেখতে পারে অথবা সিটি কর্মীদের সাথে যোগাযোগ করতে নিশ্চিত হওয়ার জন্য যে তাদের ব্যবসা Cambridge Zoning Ordinance এর নীতিমালা মেনে চলছে কি না।

ব্যবসার মালিক যারা কোন স্থাপনা কেনা, পুনর্বিন্যাস বা তৈরি করার চেষ্টা করছেন তাদের উচিৎ শুরুতেই স্থান নির্বাচনের আগেপ্রস্তাবিত ব্যবসা কোন জায়গায় বিশেষ পারমিট ছাড়া পরিচালনা সম্ভব কি না তা জানার জন্য Inspectional Services Department (ISD) অথবা CDD এর সাথে যোগাযোগ করা। যদি বিশেষ পারমিট বা এর কোন ধরনের প্রয়োজন হয়, তাহলে আপনাকে যথাশীঘ্র সম্ভব আবেদন করতে হবে, কেননা এই প্রক্রিয়া লম্বা হতে পারে।

## 1 **উপলভ্য সম্পত্তি** খুঁজে পাওয়া

CDD এর একটি Site Finder সেবা রয়েছে এবং Economic Development Division (EDD) কর্মীরা জমির আকার এবং ধরনের প্রয়োজনীয়তার ভিত্তিতে উপলভ্য সম্পত্তির খোঁজ পেতে সাহায্য করতে পারেন।

**সাইট ফাইন্ডার**
www.cambridgema.gov/CDD/econdev/smallbusinessassistance/Sitefinder

## 2 **সম্পত্তি** সম্পর্কে জানুন

সম্পত্তির মাইলের তথ্য, মূল্যায়িত দাম, কর সংক্রান্ত তথ্য এবং সম্পত্তি সম্পর্কে অধিকার City's Assessing Department থেকে পাওয়া যাবে।



**Assessing Department**
795 Massachusetts Avenue, Cambridge City Hall ফোন: (617) 349-4343 | TTY: (617) 349-4242
www.cambridgema.gov/Assessing

## 3 **জোনিং** সম্পর্কে ভাবুন

Cambridge Zoning Ordinance অনুযায়ী সিটির বিভিন্ন এলাকায় স্থাপনার ব্যবহার সীমাবদ্ধ। Zoning Ordinance ঠিক করে কোন ধরনের ব্যবহার কিছু সম্পত্তির জন্য "অধিকার বলে" বিবেচিত হয়, অর্থাৎ এর জন্য কোন বিশেষ পারমিট বা জোনিং বিভিন্নতার প্রয়োজন নেই।

**Zoning Maps এবং Zoning Ordinance**
www.cambridgema.gov/CDD/zoninganddevelopment/Zoning.aspx

আপনি যদি কোন বিশেষ সম্পত্তি চিহ্নিত করে থাকেন এবং আপনি নিশ্চিত না হন যে আপনার ব্যবসা "অধিকার বলে" বিবেচিত হবে কি না তাহলে আপনি একটি বিশেষ ব্যবহার পারমিট বা জোনিং বিভিন্নতার জন্য আবেদন করতে পারে। এই আবেদনগুলি Planning Board অথবা Board of Zoning Appeals এর বরাবরে করতে হবে।

CAMBRIDGE
কমার্শিয়াল
ডিসট্রিক্ট

1. ALEWIFE/ FRESH POND
2. NORTH MASS AVE
3. PORTER SQUARE
4. LOWER MASS AVE
5. HURON VILLAGE/ OBSERVATORY HILL
6. HARVARD SQUARE
7. CENTRAL SQUARE
8. INMAN SQUARE
9. KENDALL SQUARE
10. EAST CAMBRIDGE
11. NORTH POINT




## 4 একটি **জায়গা** খুঁজে বের করুন

Cambridge এ অনেকগুলি অনন্য বাণিজ্যিক ডিসট্রিক্ট রয়েছে। উপরের ম্যাপে দেখা যাচ্ছে সিটিতে কোন ডিসট্রিক্ট কোথায় অবস্থিত। অনেকগুলি সিটি রিসোর্স রয়েছে যেখানে প্রতিটি ডিসট্রিক্টের বর্ণনা রয়েছেঃ

**ব্যবসা ডিসট্রিক্ট এর প্রোফাইল এবং জনসংখ্যা সম্পর্কে জানুন**

www.cambridgema.gov/CDD/econdev/aboutcambridge

*আপনি যদি বাণিজ্যিক ডিসট্রিক্ট এর বাইরে ব্যবসা শুরু করতে চান তাহলে CDD এর Economic Development কর্মীদের সাথে যোগাযোগ করুন*

**স্থানীয় ব্যবসার বাজার তথ্য জানুন**

www.cambridgema.gov/SmallBizDashboard

## 5 **সাহায্যের** প্রয়োজন?

CDD আপনাকে সাহায্যের জন্য তৈরি! Cambridge এ আপনার ব্যবসা শুরু করার জন্য আপনার যদি কোন জায়গা খোঁজা বা তৈরি করা নিয়ে আপনার কোন প্রশ্ন থেকে থাকলে আপনি পরামর্শের জন্য আসতে পারেন।

**Community Development Department**
City Hall Annex, 344 Broadway 3rd Floor
ফোন: (617) 349-4637 | TTY: (617) 349-4242
www.cambridgema.gov/business



## আপনার ব্যবসা কি বাড়ি ভিত্তিক?

জোনিং নিয়মাবলী অনুযায়ী বিশেষ প্রেক্ষিতে Cambridge এ বাড়ি ভিত্তিক ব্যবসা করা যাবে। বিশেষ প্রশ্ন থাকলে ISD এর বরাবরে জানান।

**Inspectional Services Department (ISD)**
831 Massachusetts Avenue
ফোন: (617) 349-6100 | TTY: (617)349-6112
http://www.cambridgema.gov/inspection

আপনার ব্যবসা

# শুরু করা

(বাড়ি ভিত্তিক ব্যবসার জন্য প্রযোজ্য নয়)

## 1 একটি CERTIFICATE OF OCCUPANCY জোগাড় করুন।

একটি Certificate of Occupancy ঘোষণা করে যে আপনি State Building Code এবং City's Zoning Ordinance মেনে চলছেন। আপনি যদি Certificate of Occupancy আপনার লাগবে কিনা সে বিষয়ে অনিশ্চিত থাকেন, তাহলে অনুগ্রহ করে Inspectional Services Department এ যোগাযোগ করুন।

**Certificate of Occupancy Application**
www. cambridgema.viewpointcloud.com/

## 2 সব যথাযোগ্য **পারমিট** জোগাড় করুন

যদি আপনি আপনার স্থাপনার কোনরূপ পরিবর্তন করতে চান, তাহলে অবশ্যই নির্মাণ এবং সরানোর জন্য প্রয়োজনীয় সকল পারমিট জোগাড় করবেন। প্রয়োজন হলে Certificate of Inspection জোগাড় করুন। পৃষ্ঠা ৯ এর টেবিলে আপনি পারমিট সমূহ এবং সম্পর্কিত সিটি ডিপার্টমেন্ট সম্পর্কে জানতে পারবেন।

**পরের পাতায় টেবিল দেখুন**

## 3 একটি **সাইনবোর্ড** লাগান

মানুষকে আপনার ব্যবসা সম্পর্কে জানানোর একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হলো সাইনবোর্ড লাগানো। এগুলো শহরের বাহ্যিক সৌন্দর্যেও বিরাট ভুমিকা রাখে। এই কারণে সিটির সাইনবোর্ড সংক্রান্ত নিয়মাবলী রয়েছে এবং সিটি কোড এবং নিরাপত্তা সম্পর্কিত নিয়মাবলী অনুযায়ী প্রস্তাবিত সাইনের ডিজাইনের সার্টিফিকেট এবং সাইন লাগানোর পারমিট জোগাড় করতে হয়। (***প্রোজেক্টিং সাইন/ ব্যানার পারমিট, সাইডওয়াক অবস্ট্রাকশন পারমিট,*** এবং ***সাইন্স*** এবং ***ব্যানারস পারমিট*** দেখুন পৃষ্ঠা ৯ এ)

**সিটি সাহায্য করতে পারে**
উপযুক্ত ব্যবসা প্রতিষ্ঠানকে সাইনবোর্ড লাগানর খরচ নির্বাহ করতে সিটির একটি অনুদান প্রকল্প রয়েছে। বিস্তারিতের জন্য পৃষ্ঠা ১০ দেখুন।



কিছু Cambridge নিয়মাবলী রয়েছে যাতে অবস্থান-ভিত্তিক সার্টিফিকেট বা পারমিটের প্রয়োজন হয়। এই নিয়মাবলির মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমাবদ্ধ নয় – জন নিরাপত্তা, অস্থায়ী বন্ধ, অভ্যন্তরীণ অথবা বাহ্যিক নির্মাণ এবং সাইনবোর্ড সার্টিফিকেট। অনুগ্রহ করে যথাযথ কর্তৃপক্ষের সাথে সরাসরি যোগাযোগ করে আপনার প্রয়োজনীয়তা সম্পর্কে সুনিশ্চিত হউন।

# পারমিট এবং লাইসেন্সঃ ব্যবসার অবস্থান

| আমার ব্যবসার প্রয়োজন হবে… | প্রয়োজনীয় পারমিট | আরও তথ্য পেতে যোগাযোগ করুন |
|---|---|---|
| একটি স্থাপনা নির্মাণ, পরিবর্তন, সংস্কার অথবা ভেঙে ফেলা | **বিল্ডিং পারমিট (Building Permit)** | **Inspectional Services Department** www.cambridgema.gov/inspection |
| যেসব ভবন সমাবেশ, বসবাস এবং প্রাতিষ্ঠানিক সেবা প্রদান করার জন্য ব্যবহৃত হয় তারা জনসাধারণের সুরক্ষার ন্যূনতম প্রয়োজনীয়তা সমূহ পূরণ করে সে সার্টিফিকেট লাভ করতে। রেস্টুরেন্ট এবং থিয়েটারের মত স্থাপনার বসার স্থান বৃদ্ধি করতে সার্টিফিকেটের প্রয়োজন হবে। | **সার্টিফিকেট অফ ইন্সপেকশন (Certificate of Inspection)** | |
| একটি স্থাপনা State Building Code এবং City's Zoning Ordinance মেনে নির্মাণ বা পরিবর্তন করা হচ্ছে তার সার্টিফিকেট লাভ করতে। (ভবনের পারমিট লাভের একটি প্রয়োজনীয় অংশ অথবা যখন ব্যবসা প্রতিষ্ঠানের কোন বাহ্যিক পরিবর্তনের সময়ে প্রয়োজনীয়) | **সার্টিফিকেট অফ অকুপ্যান্সি (Certificate of Occupancy)** | |
| কোন সাইন বা ব্যানার লাগাতে, মেরামত করতে বা পরিবর্তন করতে (এর মধ্যে শামিয়ানা অন্তর্ভুক্ত) | **সাইন্স অ্যান্ড ব্যানারস পারমিট (Signs and Banners Permit)** | |
| গ্যাস, মেকানিক্যাল যন্ত্রপাতি, পাইপ ফিটিং বা বৈদ্যুতিক তার সংক্রান্ত কোন কাজ করতে | **বিল্ডিং সংক্রান্ত অন্যান্য পারমিট (Other Building-Related Permits)** | |
| এমন কোন স্থাপনা করতে যার ফলে খনন কার্য যেমন গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন, স্টিম লাইন, অগ্নি সুরক্ষা, স্যানিটারি সুয়েজ, স্টর্ম ড্রেন, পানি ব্যবস্থা, রাস্তার ঢাল তৈরি, কুয়া এবং বাইকের পাথর বিছানোর প্রয়োজন হয় | **কন্সট্রাকশন/ এক্সক্যাভেশন পারমিট (Construction / Excavation Permit)** | **Department of Public Works** www.cambridgema.gov/theworks |
| অস্থায়ীভাবে ফুতপাত বন্ধ করতে। সাইনবোর্ড স্থাপনা, বাহ্যিক সংস্কার অথবা অভ্যন্তরীণ ভাঙচুর। *এই পারমিট এ-ফ্রেম সাইন এবং ফুটপাতের টেবিলের জন্য প্রযোজ্য।* | **সাইডওয়াক অবস্ট্রাকশন পারমিট (Sidewalk Obstruction Permit)** | |
| এমন কোন বাণিজ্যিক পার্কিং সুবিধা নির্মাণ অথবা পরিবর্তনের জন্য যা জনগণ একটি ফি দেওয়ার সাপেক্ষে ব্যবহার করতে পারে | **কমার্শিয়াল পার্কিং পারমিট (Commercial Parking Permit)** | **Traffic, Parking, and Transportation** www.cambridgema.gov/traffic |
| ভ্যান, বড় বোঝা, পণ্যবাহী ট্রাক, ডাম্পস্টার ইত্যাদি সরানোর জন্য অস্থায়ীভাবে রাস্তা বন্ধ করা। *যেসব খাবার ট্রাক রাস্তায় বিক্রি করে তাদের জন্য এই পারমিটটি প্রয়োজনীয়।* | **টেম্পোরারি স্ট্রিট অবস্ট্রাকশন পারমিট (Temporary Street Obstruction Permit)** | |
| একটি অগ্নি নিরাপত্তা ব্যবস্থা স্থাপন বা পরিবর্তন করতে যেমন স্প্রিঙ্কলার, ওয়াটার মেইন, রাস্তার পাশের কল অথবা ফায়ার অ্যালার্ম লাগাতে বা পরিবর্তন করতে | **ফায়ার প্রোটেকশন ইকুইপমেন্ট পারমিট (Fire Protection Equipment Permit)** | **Fire Department** www.cambridgema.gov/cfd |
| এমন কোন সাইনবোর্ড বা ব্যানার লাগাতে যা পাবলিক ফুটপাতে ছয় ইঞ্চি বা তার বেশি অভিক্ষেপ সৃষ্টি করে যেমন এ-ফ্রেন সাইন এবং স্যান্ডউইচ বোর্ড সাইন। এই পারমিটটি Department of Public Works কর্তৃক প্রদত্ত, কিন্তু এর ব্যবস্থাপনা শুরু হয় City Clerk's Office এ। | **প্রোজেক্টিং সাইন/ ব্যানার পারমিট (Projecting Sign / Banner Permit)** | **সিটি ক্লার্কের অফিস/ City Clerk's Office** www.cambridgema.gov/cityclerk |

চালিয়ে যেতে

# পারা

আপনি আনুষ্ঠানিকভাবে ব্যবসা শুরুর পর আপনার সাথে শহরের সম্পর্ক বজায় থাকবে। Cambridge এ স্থানীয় ব্যবসাকে উন্নতি করতে সাহায্য করার জন্য CDD এর বিভিন্ন অনুদান প্রকল্প রয়েছে। নবায়নের জন্য এবং ব্যবসার ভবিষ্যৎ উন্নতির জন্য আপনার পারমিটের প্রয়োজন হওয়া অব্যাহত থাকবে।

## 1 প্রযোজ্য **লাইসেন্স এবং পারমিট** নবায়ন

কিছু পারমিট এবং লাইসেন্স বার্ষিক ভিত্তিতে নবায়ন করতে হয়। কোনটি নবায়ন করতে হবে তা খেয়াল রাখবেন এবং হালনাগাদ করবেন। আপনার ব্যবসার বাহ্যিক উন্নয়নের জন্য পরীক্ষণের সার্টিফিকেট পাওয়ার প্রয়োজন হতে পারে।

## 2 জানুন কীভাবে **CDD সাহায্য করতে পারে**

CDD এর Economic Development Division এ উপযুক্ত ব্যবসা সমূহের উন্নতিতে অর্থ যোগান দিতে বিভিন্ন প্রকল্প রয়েছে, যাদের মধ্যে অন্তর্ভুক্ত

- A **স্টোরফ্রন্ট ইমপ্রুভমেন্ট প্রোগ্রাম (Storefront Improvement Program)**
  www.cambridgema.gov/storefront
- B **রিটেইল ইন্টেরিয়র অ্যাক্সেসিবিলিটি প্রোগ্রাম (Retail Interior Accessibility Program)**
  www.cambridgema.gov/RetailAccessiblity
- C **স্মল বিজনেস এনহ্যান্সমেন্ট প্রোগ্রাম (Small Business Enhancement Program)**
  www.cambridgema.gov/SmallBizEnhance
- D **অন্ট্রাপ্রেনুরশিপ অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (Entrepreneurship Assistance Program)**
  www.cambridgema.gov/EntrepreneurAssistanceProgram
- E **স্মল বিজনেস কোচিং (Small Business Coaching)**
  www.cambridgema.gov/SmallBizCoaching
- F **বিজনেস ডেভেলপমেন্ট ওয়ার্কশপ (Business Development Workshops)**
  www.cambridgema.gov/SmallBizWorkshops

## অন্যান্য স্থানীয় এবং রাজ্য

# রিসোর্স সমূহ

ম্যাসাচুসেটস অফিস অফ বিজনেস ডেভেলপমেন্ট
**(Massachusetts Office of Business Development)**
ফোন: (617) 973-8600
www.mass.gov/hed/economic/eohed/bd

ইউএস স্মল বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন

**(US Small Business Administration (SBA))**
**Boston District Office**)
ফোন: (617) 565-5590
www.sba.gov/ma

সার্ভিস কোর অফ রিটায়ার্ড একজিকিউটিভস **(Service Corps of Retired Executives (SCORE))**
ফোন: (617) 565-5591
www.score.org

ম্যাসাচুসেটস গ্রোথ ক্যাপিটাল কর্পোরেশন

**(Massachusetts Growth Capital Corporation)**
ফোন: (617) 523-6262
www.massgcc.com

মাস ডেভেলপমেন্ট **(MassDevelopment)**
ফোন: (800) 445-8030
www.massdevelopment.com

ম্যাসাচুসেটস সাপ্লাইয়ার অ্যান্ড ডাইভার্সিটি অফিস
(Massachusetts Supplier & Diversity Office (SDO))
ফোন: (617) 502-8831
www.cambridgelocalfirst.org

সেন্টার ফোর উইমেন অ্যান্ড এন্টারপ্রাইজ **(Center for Women Enterprise)**
ফোন: (617) 536-0700
www.cweonline.org

ক্যামব্রিজ লোকাল ফার্স্ট **(Cambridge local First (CLF))**
ফোন: (857) 998-7392
www.cambridgelocalfirst.org

ক্যামব্রিজ চেম্বার অফ কমার্স
**(Cambridge Chamber of Commerce)**
ফোন: (617) 876-4100
www.cambridgechamber.org

সেন্ট্রাল স্কয়ার বিজনেস অ্যাসোসিয়েশন

**(Central Square Business Association (CSBA))**
ফোন: (617) 864-3211
www.centralsquarecambridge.com

ইস্ট ক্যামব্রিজ বিজনেস অ্যাসোসিয়েশন

**(East Cambridge Business Association (ECBA))**
ফোন: (857) 242-6651
www.eastcambridgeba.com

কেন্ডাল স্কয়ার অ্যাসোসিয়েশন
**(Kendall Square Association (KSA))**
ফোন: (617) 547-5772
www.kendallsq.org

হার্ভার্ড স্কয়ার বিজনেস অ্যাসোসিয়েশন
**(Harvard Square Business Association (HSBA))**
ফোন: (617) 491-3434
www.harvardsquare.org

**COMMUNITY DEVELOPMENT DEPARTMENT**

কমিউনিটি ডেভেলপমেন্ট  ডিপার্টমেন্ট

344 Broadway, City Hall Annex 3rd Floor ফোন:

(617) 349-4260 | TTY: (617) 349-4242

www.cambridgema.gov/CDD